যুগান্তর

তারিখ 23 JAN 2008
পৃষ্ঠা 16 কলাম 6

২২ Report

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের জন্য আচরণবিধি তৈরির চিন্তাভাবনা

বিশেষ সংবাদদাতা

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য আচরণবিধি তৈরি করার চিন্তাভাবনা চলছে। দেশের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে সুষ্ঠু শিক্ষার পরিবেশ বজায় রাখার উদ্দেশ্যে এই আচরণবিধি। এ তথ্য সরকারের দায়িত্বশীল একটি সূত্রের।

গত আগস্টে ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ঘটনার সূত্রপাতসহ বিদ্যমান সার্বিক পরিস্থিতি নিয়ে সম্প্রতি সরকারের উচ্চ পর্যায়ে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রাসঙ্গিকভাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ভূমিকা ও আচার-আচরণ নিয়ে আলোচনা হয়। আলোচনায় গত আগস্টের ঘটনায় শিক্ষকদের ভূমিকা সম্পর্কে বিভিন্ন প্রেক্ষাপট ও বিষয় উঠে আসে। একপর্যায়ে বিশ্ববিদ্যালয়ের মতো সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের জন্য একটি আচরণবিধি থাকা প্রয়োজন বলে কেউ কেউ মন্তব্য করেন. সূত্রটি জানায়, সুষ্ঠু শিক্ষার

শিক্ষকদের : পৃষ্ঠা ৭ : কলাম ৪

## শিক্ষকদের : আচরণবিধি

(১৬ পৃষ্ঠার পর)

পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষকদের যে কোন আন্দোলনে অংশগ্রহণ ও ছাত্রদের আন্দোলনে সমর্থনের ব্যাপারে একটি গাইডলাইন থাকা প্রয়োজন বলে মন্তব্য পেশ করা হয়।

বৈঠকে ক্লাসে শিক্ষকরা কত সময় পাঠদান করেন, বিদেশে কতদিন কি কারণে যান— এ নিয়েও বিস্তর আলোচনা হয়। তবে শিক্ষকদের বর্তমান সম্মানী নিয়েও কেউ কেউ প্রশ্ন তোলেন।

বৈঠকে ছাত্র-শিক্ষকদের মধ্যে সুসম্পর্ক সৃষ্টি, শিক্ষকদের শিক্ষার গুণগতমান বৃদ্ধির ব্যাপারে সরকারের করণীয় সম্পর্কেও আলোচনা হয় এসব আলোচনার ভিত্তিতে একটি আচরণবিধি তৈরি করার চিন্তাভাবনা চলছে।